গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জেলা প্রশাসকের কার্যালয়,বগুড়া**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
(ধারা ৪ এর (১) নং উপ-ধারা দ্রষ্টব্য)

এল,এ কেস নং- ০৬/শিবগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ/২০২৬

জারির নম্বর- ১৮৫(১৬)

তারিখ-ঃ ০৪/০৬/২০২৬

প্রাপক ঃ ১। জেলা প্রশাসক,বগুড়া মহোদয়ের নোটিশ বোর্ড।
২। মেয়র, শিবগঞ্জ পৌরসভা, শিবগঞ্জ, বগুড়া ।
৩। উপজেলা নির্বাহী অফিসার,শিবগঞ্জ,বগুড়া (ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)
৩। সহকারী কমিশনার (ভূমি), শিবগঞ্জ, বগুড়া (ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)।
৪। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়,বগুড়া (ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)।
৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, - শিবগঞ্জ সদর ভূমি অফিস, শিবগঞ্জ,বগুড়া।
৬। জাহাঙ্গীরাবাদ মৌজায় প্রকাশ্য স্থানে লটকায়ে নোটিশ জারি।
৭। অফিস কপি।

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি " উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়) " শীর্ষক প্রকল্পের জন্য জনপ্রয়োজন ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন,সেহেতু এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন,২০১৭(২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারি করা হইল যে,বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে,প্রস্তাবিত সম্পত্তির অধিগ্রহণের বিরুদ্ধে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারিবেন।

১৫/০৬/[illegible] খ্রি. তারিখে বা তারিখ হতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হইবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইলো।

## তফসিল সম্পত্তি

মৌজা- জাহাঙ্গীরাবাদ | জে,এল নং- ৭১ | উপজেলা-শিবগঞ্জ | জেলা-বগুড়া

| ক্রমিক নং | খতিয়ান | দাগ নং | রেকর্ডীয় শ্রেণি | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ৫৩ | ৮৫০ | ধানী | ০.২৫১০ | |
| ০২ | ১২৭০ | ৮৫১ | ধানী | ০.১৫৭৫ | |
| ০৩ | ১৩৪৪ | ৮৫২ | ধানী | ০.১৪০৫ | |
| ০৪ | ১২৭০ | ৮৫৩ | ধানী | ০.০৯৩০ | |
| ০৫ | ১৩০২ | ৮৫৪ | ধানী | ০.৬৬০০ | |
| ০৬ | ১৮৬,১৩০২ | ৮৫৫ | ধানী | ০.৪৯৪৫ | |
| ০৭ | ১০২ | ৮৫৬ | ধানী | ০.০৫৩০ | |
| ০৮ | ৯৫০ | ৮৫৮ | ধানী | ০.০৫৭৫ | |
| ০৯ | ১০২ | ৮৭১ | ধানী | ০.১২২০ | |
| ১০ | ২৪২ | ১১৪১ | ধানী | ০.০৬৬০ | |
| ১১ | ২৪২ | ১১৪২ | ধানী | ০.১৮৪০ | |
| ১২ | ১৪৩ | ১১৪৩ | ধানী | ০.২৪৭০ | |
| ১৩ | ১৮৭ | ১১৪৫ | ভিটা | ০.৪৭৪০ | |
| | | মোট প্রস্তাবিত জমির পরিমাণ | | =৩.০০০০ একর | |

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/ স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য ঃ

১। উল্লেখিত জমির বাস্তব অবস্থা ,স্থাপনা,অবকাঠামো ইত্যাদি ভিডিও/সরেজমিন তদন্ত করে মালিকানা/দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সার্টিফাইড/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।

২। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুতপূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/নামজারী না হইয়া থাকিলে,অবিলম্বে হালকরণপূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা/মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।

৩। অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণী পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরুপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।

৪। সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতাপ্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন,ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.bogura.gov.bd ভিজিট করুন।

মোঃ আব্দুল খালেক
সার্ভেয়ার
ভূমি অধিগ্রহণ শাখা,বগুড়া

মোঃ ফিরোজ আহমেদ
সার্ভেয়ার
ভূমি অধিগ্রহণ শাখা,বগুড়া

মোঃ আব্দুল হালিম
সার্ভেয়ার
ভূমি অধিগ্রহণ শাখা,বগুড়া

০৪/০৫/২৬
মোঃ মাসুদ রানা
কানুনগো
ভূমি অধিগ্রহণ শাখা,বগুড়া

জেলা প্রশাসক পক্ষে

০৪/০৫/২৬
মোছাঃ মুনিরা সুলতানা
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
বগুড়া